৬

(নাইয়া)

আমি যে গহীন গাঙের নাইয়া।
সাঁঝের বেলায় নাও বাইয়া যাই,
আপন মনে চাইয়া ॥
ভাটির টানে বাইয়া চলি,
ভাইটালি সুরে গাইয়া।
দূর দ্যাশে ভাই পাড়ি দিছি,
আমার বধূর লাইগ্যা।
পূবালী বাতাসে আমার
নাওয়ের বাদাম ওড়ে।
চান্দের আলোয় গাঙের পানি
ঠিকরাইয়া পড়ে ॥
ভাটির টানে বাইয়া চলি বৈঠা ফেলিয়া।
আমি যে গহীন গাঙের নাইয়া ॥

৭